AAIRO
২৫/৯/২২

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯
প্রশাসন বিভাগ
www.caab.gov.bd

Mujib's Bangladesh

**বিষয়:** মহান বিজয় দিবস-২০২২ উদযাপন উপলক্ষ্যে যান্ত্রিক বহরের 'প্রদর্শনী উপ কমিটি'র সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মিজানুর রহমান, সদস্য (প্রশাসন) ও আহবায়ক "প্রদর্শনী উপ কমিটি-২০২২", সদর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ। |
| তারিখ | : | ১৮ সেপ্টেম্বর ২০২২ খ্রিঃ। |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকা। |
| স্থান | : | সদর দপ্তর, সম্মেলন কক্ষ, লেভেল-৬, সিএএবি। |

মহান বিজয় দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে 'প্রদর্শনী উপ-কমিটি'র সভা উপরোল্লিখিত সময় ও তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিতি তালিকা পরিশিষ্ট-'ক' (১ পাতা)'তে সংযুক্ত।

সভার প্রারম্ভে মহান বিজয় দিবস-২০২২ উদযাপন উপলক্ষ্যে যান্ত্রিক বহরের 'প্রদর্শনী উপ কমিটি'র সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। সভায় গঠিত কমিটি এবং কমিটির কর্ম পরিধি সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে অবহিত করা হয়। সভাপতির অনুরোধক্রমে যান্ত্রিক বহর তৈরী সম্পর্কে সংশ্লিষ্ট প্রত্যেক প্রতিনিধি আলোচনা সভায় অংশগ্রহণ করেন। সভায় প্রশাসনিক মন্ত্রণালয়ের প্রতিনিধি ব্যতীত সকল সংস্থার উপস্থিত প্রতিনিধিগণ বিগত বহরের যান্ত্রিক বহর এ স্ব স্ব সংস্থার কর্মকান্ড ও ভবিষ্যৎ এ বর্তমান সরকারের উন্নয়নমূলক কর্মকান্ডসমূহ তুলে ধরেন। সভায় উক্ত বিষয়গুলো বিবেচনায় নিয়ে স্ব স্ব সংস্থার এক বা একাধিক কর্মকান্ডের চিত্র দৃষ্টি নন্দনভাবে যান্ত্রিক বহরে সংযোজনের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। সভায় মহান বিজয় দিবস-২০২২ উদযাপন উপলক্ষ্যে যান্ত্রিক বহরে প্রদর্শনীর জন্য স্থির ও লাইভ বিষয়াদি নিয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

১. যান্ত্রিক বহরে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স হতে ০২ জন কেবিন ক্রু সরাসরি অংশগ্রহণ করবে বিধায় সংশ্লিষ্ট দপ্তরকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়।

২. হোটেল ইন্টারকন্টিনেন্টাল ও হোটেল শেরাটন ঢাকা-কে সঠিক মাত্রার রেজুলেশন সম্বলিত ছবিতে লোগো সংযোজন পূর্বক ছবি প্রেরণের অনুরোধ করা হয়।

৩. বাংলাদেশে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের ৩য় টার্মিনালের ছবি সম্বলিত অন্যান্য বিষয়াদি যান্ত্রিক বহরে তুলে ধরার লক্ষ্যে ছবি ও ডকুমেন্ট সংগ্রহ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৪. বাংলাদেশ পর্যটন কর্পোরেশন ও বাংলাদেশে ট্যুরিজম বোর্ড-কে পর্যটন বিষয়ক সঠিক মাত্রার রেজুলেশন সম্বলিত বিভিন্ন ছবি সরবরাহ করার জন্য অনুরোধ করা হয়।

৫. আগামী ১৬ ডিসেম্বর ২০২২ তারিখ জাতীয় প্যারেড স্কয়ারে যান্ত্রিক বহর প্রদর্শনের লক্ষ্যে উপযুক্ত ঠিকাদার নির্বাচনের জন্য প্রধান প্রকৌশলী, সদর দপ্তর, সিএএবি-কে অনুরোধ করা হয়।

৬. আগামী ২৫/০৯/২০২২ তারিখের মধ্যে স্ব স্ব সংস্থা কর্তৃক সংগ্রহকৃত ছবি পরিচালক (প্রশাসন), সদর দপ্তর, সিএএবি-এর নিকট ই-মেইলযোগে প্রেরণের জন্য অনুরোধ করা হয়।

৭. প্রদর্শনী উপ-কমিটি'র সকল সিদ্ধান্তসমূহ সংশ্লিষ্ট সংস্থার প্রধানকে অবহিত করা জন্য প্রত্যেক প্রতিনিধিকে অনুরোধ করা হয়।

৮. যান্ত্রিক বহরে সকল সংস্থার কার্যক্রম তুলে ধরার সময় সংশ্লিষ্ট সংস্থাকে ঐ সংস্থার প্রতিনিধিত্ব করে এমন স্বচ্ছ, সুন্দর ও দৃষ্টিনন্দন কার্যক্রম/ছবি নির্বাচন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৯. আগামী ০৩/১০/২০২২ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় পরবর্তী সভা অনুষ্ঠিত হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান পাতা-০২

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/৯/২২
(মোঃ মিজানুর রহমান)
সদস্য (প্রশাসন)
ও
আহবায়ক
"প্রদর্শনী উপ কমিটি-২০২২"
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
ফোন : ৮৯০১০৬৮ (অফিস)

নথি নং-৩০.৩১.০০০০.২১১.৫৩.০০১.২১- ২৪৯৯ তারিখ : ২৮/০৯/২০২২ খ্রিঃ

**বিতরণ** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রধান প্রকৌশলী, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
২. মহাব্যবস্থাপক (প্রশাসন), বাংলাদেশ পর্যটন কর্পোরেশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. মহাব্যবস্থাপক (প্রশাসন), বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা।
৪. পরিচালক (প্রশাসন), বাংলাদেশ ট্যুরিজম বোর্ড, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. সচিব, হোটেলস ইন্টারন্যাশনাল লিমিটেড, ১০৭, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা।
৬. সচিব, বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড, ০১ মিন্টু রোড, ঢাকা-১০০০।
৭. উপ-সচিব (প্রশাসন-১), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. চেয়ারম্যান, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা।
৪. ব্যবস্থাপনা পরিচালক, হোটেলস ইন্টারন্যাশনাল লিমিটেড, ১০৭, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড, ০১ মিন্টু রোড, ঢাকা-১০০০।
৬. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. সচিবের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. পরিচালক (সিএনএস), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৯. পরিচালক (মানব সম্পদ ও সাধারণ প্রশিক্ষণ), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
১০. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. উপ-পরিচালক (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
১২. তত্ত্বাবধায়ক প্রকোশলী (সিভিল সার্কেল), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
১৩. সদস্য (প্রশাসন) এর ব্যক্তিগত সহকারী, সদর দপ্তর, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
১৪. পরিচালক (প্রশাসন) এর ব্যক্তিগত সহকারী, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

২৮/৯/২২
(মোঃ জহিরুল ইসলাম)
পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
ফোন : ৮৯০১৪১২ (অফিস)